

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

'বাংলায় অনুদিত'

এফই সার্কুলার নং ০৯

তারিখঃ ফেব্রুয়ারি ২৪, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ব্যাংক।

প্রিয় মহোদয়গণ,

এফওবি ভিত্তিক রপ্তানি ও আমদানি পণ্য পরিবহনের নিমিত্তে শিপিং লাইস/এয়ার লাইস/ফ্রেইট ফরওয়ার্ডারদের অনুকূলে বৈদেশিক মুদ্রা হিসাব স্থাপন প্রসংগে।

বাংলাদেশ থেকে এফওবি ভিত্তিক রপ্তানি পণ্য পরিবহনের ক্ষেত্রে শিপিং লাইস/এয়ার লাইস/লাইসেন্স প্রাপ্ত ফ্রেইট ফরওয়ার্ডার স্থানীয় পরিবহন ভাড়া, জাহাজ/বিমান ভাড়া এবং আনুসংগিক অন্যান্য ব্যয় বাবদ অর্থ বৈদেশিক মুদ্রায় পেয়ে থাকে। একইভাবে এফওবি ভিত্তিক পণ্য আমদানির ক্ষেত্রেও এ সকল পরিবহন সংস্থাগুলোকে অনুরূপ ব্যয় বাবদ অর্থ বিদেশে প্রেরণ করতে হয়।

এফওবি ভিত্তিক রপ্তানি পণ্য পরিবহনের বিপরীতে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত আয় দ্বারা এফওবি ভিত্তিক পণ্য আমদানির ক্ষেত্রে পরিবহন সংক্রান্ত প্রয়োজ্য ব্যয় বৈদেশিক মুদ্রায় নির্বাহের সুবিধার্থে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, শিপিং লাইস, এয়ার লাইস এবং কাস্টমস কর্তৃপক্ষ হতে ফ্রেইট ফরওয়ার্ডার হিসেবে লাইসেন্স প্রাপ্ত মাল্টিমোডাল ট্রান্সপোর্ট অপারেটর অনুমোদিত ডিলার ব্যাংকে মার্কিন ডলার কিংবা অন্য বিনিময়যোগ্য বৈদেশিক মুদ্রায় ব্যাংক হিসাব স্থাপন ও পরিচালনা করতে পারবে। আলোচ্য বৈদেশিক মুদ্রা হিসাবে বাংলাদেশ থেকে এফওবি ভিত্তিক পণ্য রপ্তানির বিপরীতে পরিবহন ভাড়া বাবদ প্রাপ্ত বৈদেশিক মুদ্রা জমা করা যাবে। এ হিসাবে জমাকৃত অর্থ দ্বারা এফওবি ভিত্তিক আমদানি পণ্যের পরিবহন সংশ্লিষ্ট ব্যয় নির্বাহ করা যাবে।

এফওবি ভিত্তিক পণ্য আমদানির নিমিত্তে ইস্যুকৃত এলসিএ ফরমে পণ্য মূল্যের সাথে উল্লেখিত পরিবহন ভাড়া বাবদ অর্থ টাকায় কিংবা সমতুল্য বৈদেশিক মুদ্রায় অনুমোদিত ডিলার ব্যাংকের মাধ্যমে আমদানিকারক সংশ্লিষ্ট শিপিং লাইস/এয়ার লাইস/লাইসেন্স প্রাপ্ত ফ্রেইট ফরওয়ার্ডার কে পরিশোধ করতে পারবে। বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত ভাড়া বাবদ অর্থ শিপিং লাইস/এয়ার লাইস/লাইসেন্স প্রাপ্ত ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক পরিচালিত বৈদেশিক মুদ্রা হিসাবের মাধ্যমে ব্যবহার করতে হবে। এফওবি ভিত্তিক রপ্তানি পণ্য পরিবহনের বিপরীতে পরিবহন ভাড়া বাবদ অর্থ লাইসেন্স প্রাপ্ত ফ্রেইট ফরওয়ার্ডারের নিকট হতে শিপিং লাইস/এয়ার লাইস বৈদেশিক মুদ্রায় গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে শিপিং লাইস/এয়ার লাইস প্রয়োজনীয় নগদায়ন সনদপত্র মাসিক বিবরণীর সাথে বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে।

অনুমোদিত ডিলার ব্যাংক আলোচ্য বৈদেশিক মুদ্রা হিসাব স্থাপনের পর এ সংক্রান্ত তথ্য তাৎক্ষণিকভাবে (পরবর্তী কার্য দিবসে) বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট অথবা সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়কে অবহিত করবে। অনুমোদিত ডিলার ব্যাংকের মাধ্যমে শিপিং লাইস/এয়ার লাইস কর্তৃক মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিলতব্য আয় ব্যয় বিবরণীতে বৈদেশিক মুদ্রা হিসাবের মাধ্যমে প্রাপ্তি এবং প্রদান সংক্রান্ত সকল লেনদেনের তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। লাইসেন্স প্রাপ্ত ফ্রেইট ফরওয়ার্ডারও অনুমোদিত ডিলার ব্যাংকের মাধ্যমে এফওবি ভিত্তিক পণ্য আমদানি ও রপ্তানি হতে প্রাপ্ত এবং প্রদত্ত (Collections & disbursements) বিবরণী মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে।

বৈদেশিক মুদ্রা হিসাবের মাধ্যমে সম্পাদিত লেনদেন বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে (ডিসেম্বর/মার্চ/জুন/সেপ্টেম্বর) বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট অথবা সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে দাখিল করতে হবে, যাতে ঘটনোত্তর পরীক্ষণকালে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রা হিসাব হতে স্থানীয় ব্যয় ও করদায় বাবদ প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা টাকায় নগদায়ন করার বিষয়টি নিশ্চিত হওয়া যায়।

আলোচ্য নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,
(স্বাক্ষরিত)
(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫০